


পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী এবং পরিবারের সদস্যবৃন্দ,

গত বছরের সারা সময় ধরে, আমরা দেখেছি কতিপয় ক্ষেত্রে গণিতকে কাজে আসতে। এই অধ্যায়ে, আমরা আরও বিশদভাবে দেখব ডেটা (তথ্য) নিয়ে কিভাবে কাজ করা যায়, যে ডেটার (তথ্য) মধ্যে থাকবে বাস্তব জগতের প্রসঙ্গ সমূহ। আমরা টেবল্ (গাণিতিক সারণী) কাজে লাগিয়ে ডেটাকে (তথ্য) সংহত করব, বোঁকগুলিকে খুঁজে বার করব, এবং নির্ণয়ে পৌঁছব। আমরা চাক্ষুষ প্রদর্শন ব্যবহার করব, যার মধ্যে থাকবে একটি মানচিত্র যেটি লন্ডনের ঐতিহাসিক কলেরা মহামারীকে বর্ণনা করবে। মানচিত্রটি ব্যবহার করে আমরা মহামারীর কারণ কি তার প্রমাণ সংগ্রহ করব।



অধ্যায়ের দ্বিতীয় অর্ধাংশে, আমরা গাণিতিক হাঁচ (ম্যাথমেটিক্যাল মডেল) ব্যবহার করব। উদাহরণস্বরূপ, আমরা ইকোমেশন (সমীকরণ) ব্যবহার করে জনসংখ্যা বৃদ্ধির মডেল তৈরী করব এবং ভবিষ্যদ্বাণী করব। আমরা টেবল্ বা গাণিতিক সারণী ব্যবহার করে একটি ব্যবসাকে বিশ্লেষণ করব এবং জনসংখ্যা মডেল ব্যবহার করে খুঁজে দেখব কিভাবে বাঁ হাতের ব্যবহার এক প্রজন্ম থেকে আর এক প্রজন্মে বদলে যেতে পারে।

আপনারা বাড়িতে কি করতে পারেন?

আপনি আপনার ছাত্র/ছাত্রীকে লন্ডনের কলেরার আকস্মিক প্রকাশ সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারেন অথবা অন্য কোনো অবস্থা সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারেন যেটা বিশ্লেষণ করতে সে শিখছে। আপনি খবরের কাগজের তথ্যগুলি খুঁজে বার করতে পারেন এবং হাঁচ বা আদল খুঁজে দেখতে পারেন : আবহাওয়া মানচিত্রে তাপমান প্রদর্শনের জায়গায় কি কোনো হাঁচ বা আদল আছে?

